# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১৪০৪

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ টয়লেটে প্রবেশের ইচ্ছা করার সময় আশ্রয় প্রার্থনার কোন দু'আ পড়বে

ذِكْرُ مَا يَقُولُ الْمَرْءُ مِنَ التَّعَوُّذِ عِنْدَ إِرَادَتِهِ دُخُولَ الْخَلَاءِ

---

আরবী

1404 ـ أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيِّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا عَلِيُّ بْنُ الْجَعْدِ قَالَ: حَدَّثَنَا شُعْبَةُ بْنُ الْحَجَّاجِ وَحَمَّادُ بْنُ سَلَمَةَ وَهُشَيْمُ بْنُ بَشِيرٍ عَنْ عَبْدِ الْعَزِيزِ بْنِ صُهَيْبٍ عَنْ أَنَسُ بْنِ مَالِكٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَنَّهُ كَانَ إِذَا دَخَلَ الْخَلَاءَ قَالَ: (اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْخُبُث والخبائث)

الراوي : أَنَسُ بْن مَالِكٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1404 | خلاصة حكم المحدث: صحيح.

قال أبو حاتم رضي الله عنه: الْخُبُثُ وَالْخَبَائِث: جَمْعُ الذُّكُورِ وَالْإِنَاثِ مِنَ الشَّيَاطِينِ يُقَالُ لِلْوَاحِدِ مِنْ ذُكْرَانِ الشَّيَاطِينِ خَبِيثٌ وَالِاثْنَيْنِ خَبِيثَانِ وَالثَّلَاثُ خَبَائِث وَكَانَ يَعُوذُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ مِنْ ذُكْرَانِ الشَّيَاطِينِ وَإِنَاثِهِمْ حَيْثُ قَالَ: (اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْخُبُثِ وَالْخَبَائِثِ)

বাংলা

১৪০৪. আনাস বিন মালিক রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম যখন টয়লেটে প্রবেশ করতেন, তখন তিনি বলতেন, اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْخُبُثِ وَالْخَبَائِث (হে আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে নিকৃষ্ট নর ও নারী জিন থেকে আশ্রয় চাচ্ছি।)”

আবূ হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন, الْخُبُثُ وَالْخَبَائِث শব্দ দুটি নর ও নারী শয়তানের বহুবচন। শব্দটির একবচন পুংলিঙ্গ হলো خَبِيثٌ দ্বি-বচন خَبِيثَانِ, বহু বচন خَبَائِث । রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম নর ও নারী শয়তান থেকে আল্লাহর কাছে আশ্রয় চাইতেন। তিনি বলতেন, اللَّهُمَّ إِنِّي أَعُوذُ بِكَ مِنَ الْخُبُثِ وَالْخَبَائِثِ (হে

আল্লাহ, নিশ্চয়ই আমি আপনার কাছে নিকৃষ্ট নর ও নারী জিন থেকে আশ্রয় চাচ্ছি।)”

ফুটনোট

[1] মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১; মুসনাদ আহমাদ: ৪/৩৩৭; ইবনু মাজাহ: ২৯৬; তাবারানী: ৫১০০; সুনান বাইহাকী: ১/৯৬; হাকিম: ১/১৮৭।

আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ হাদীসটিকে মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (ইরওয়াউল গালীল: ৫১।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90718

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন